

আমি কাৰেও বুঝি নে শুধু বুঝেছি তোমারে ।
তোমাতে পেয়েছি আলো সংশয়-আঁধারে ।
ফিরিয়াছি এ ভুবন, পাই নি তো কারো মন,
গিয়েছি তোমারি শুধু মনের মাঝারে ।
এ সংসারে কে ফিরাবে, কে লইবে ডাকি,
আজিও বুঝিতে নারি ভয়ে ভয়ে থাকি ।
কেবল তোমারে জানি, বুঝেছি তোমার বাণী,
তোমাতে পেয়েছি কুল অকুল পাথারে ।

Parjaay: Mayar-Khela, Taal: Tritaal, Raag: Behag
Visit www.geetabitan.com for notation and other detail